কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ ৩ অধিশাখা
www.moa.gov.bd

স্মারক নং-১২.০৫৪.০৯৯.০০.০০.০২৪.২০১৫-৬২৯

তারিখঃ ১৪/০৮/১৪২৪ বঙ্গাব্দ
২৮/১১/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: বিগত ২১/১১/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় সবজি মেলা/২০১৮ অনুষ্ঠানের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

বিগত ২১/১১/২০১৭ খ্রি: তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় সবজি মেলা/২০১৮ অনুষ্ঠানের লক্ষ্যে প্রস্তুতিমূলক এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অনুগ্রহপূর্বক ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১১/১৭

(বলাই কৃষ্ণ হাজরা)
যুগ্মসচিব
ফোন নং-৯৫৬৮৪১১
ই-মেইল : moa.ex3@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। অতিরিক্ত সচিব (পিপিসি/গবেষণা/নীরিক্ষা/প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৬। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৮। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা।
৯। মহাব্যবস্থাপক (উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা।
১০। পরিচালক, হর্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
১৩। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, সমন্বিত খামার ব্যবস্থাপনা কম্পোনেন্ট (আইএফএমসি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্প (এসসিডিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
১৭। উপ পরিচালক (রপ্তানি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১৮। প্রোপ্রাইটর, রিফাত ইন্টারপ্রাইজ, রামপুরা, ঢাকা-১২১৯।
১৯। উপ পরিচালক (কন্দাল, সবজি ও মসলা জাতীয় ফসল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২০। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ সবজি আড়ৎ ব্যবসায়ী সমিতি, কাওরানবাজার, ঢাকা।

অনুলিপি :

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩। অফিস কপি ও মাস্টার ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা

**জাতীয় সবজি মেলা/২০১৮ অনুষ্ঠান উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমুলক সভার কার্যবিবরণী**

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্<br>সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ২১ নভেম্বর, ২০১৭; বেলা ২.৩০ ঘটিকা |
| ৩.০ | স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| ৪.০ | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক |

৫.০ আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি জাতীয় সবজি মেলা/২০১৭ অনুষ্ঠানের জন্য যেসকল পদক্ষেপে উন্নয়ন/পরিবর্তন প্রয়োজন সে বিষয় উপস্থাপনের জন্য নির্দেশনা দেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সম্প্রসারণ-৩) বলেন যে, এ বছর বৃষ্টি অনেকটা প্রলম্বিত হয়েছে, ফলে সবজি কিছুটা বিলম্বে বাজারে আসছে। জাতীয় সবজি মেলা/২০১৮-এর সময়সূচি সে অনুযায়ী নির্ধারণ করা যেতে পারে। প্রসংগক্রমে প্রাক্তন মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বর্তমান হর্টেক্স ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: মনজুরুল হান্নান বলেন যে, জাতীয় সবজি মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান এবং মেলার স্টল প্রদর্শনীর জন্য খামারবাড়িস্থ আ.কা.মু গিয়াস উদ্দীন মিলকী অডিটরিয়াম এবং এর চত্বরে স্থান সংকুলান হয় না। ফলে তিনি কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (KIB)-এর অডিটরিয়ামে মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান এবং KIB প্রাঙ্গণে মেলাটি অনুষ্ঠানের প্রস্তাব করেন।

৫.১ সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে বর্ণনা করা হলো :

| ক্র:নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫.১.১ | **বিষয়: জাতীয় সবজি মেলা/২০১৮-এর মেয়াদ ও তারিখ নির্ধারণ**<br>বিগত জাতীয় সবজি মেলা/২০১৭ ৩ (তিন) দিন ব্যাপী (০৫-০৭ জানুয়ারি/২০১৭ খ্রি: মেয়াদে) অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সবজির প্রাপ্যতা বিবেচনায় এ বছর ১১-১৩ জানুয়ারি/২০১৮ পর্যন্ত ৩ (তিন) দিন ব্যাপী জাতীয় সবজি মেলা/২০১৮ অনুষ্ঠানের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | জাতীয় সবজি মেলা/ ২০১৮, ৩ (তিন) দিন ব্যাপী (১১-১৩ জানুয়ারি/ ২০১৮ খ্রি:) অনুষ্ঠিত হবে। | কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসি, কৃষি তথ্য সার্ভিস, বিএআরসি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/ দপ্তর/সংস্থা। |
| ৫.১.২ | **বিষয়: মেলার উদ্বোধনী, সমাপনী ও স্টল প্রদর্শনীর স্থান নির্বাচন**<br>বিগত জাতীয় সবজি মেলা/২০১৭ খামারবাড়িস্থ আ.কা. মু গিয়াস উদ্দীন মিলকী অডিটোরিয়ামে মেলাটির উদ্বোধনী ও সমাপনী এর অনুষ্ঠান হয়। স্থান সংকুলান না হওয়ায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (KIB)-এর অডিটরিয়ামে মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান এবং KIB প্রাঙ্গণে মেলাটি অনুষ্ঠানের প্রস্তাব করা হয়। তাছাড়া জাতীয় সবজি মেলা/২০১৮ এর জন্য KIB অডিটরিয়াম ও KIB প্রাঙ্গণ অগ্রিম বুকিং দেয়ার বিষয় আলোচনা হয়। একইসাথে প্রতিটি ক্যালেন্ডার বছরে কৃষি মন্ত্রণালয়ের ৫(পাঁচ)টি ইভেন্ট KIB-তে বিনা ভাড়ায় অনুষ্ঠানের জন্য পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | (i) কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (KIB) অডিটরিয়ামে মেলার উদ্বোধনী অনুষ্ঠানের জন্য ১১ জানুয়ারি/২০১৮ তারিখ ও সমাপনী অনুষ্ঠানের জন্য ১৩ জানুয়ারি/২০১৮ তারিখ এবং KIB প্রাঙ্গণে মেলাটি ১১-১৩ জানুয়ারি/২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠানের জন্য বুকিং দিতে হবে।<br>(ii) প্রতিটি ক্যালেন্ডার বছরে কৃষি মন্ত্রণালয়ের ৫(পাঁচ)টি ইভেন্ট KIB তে বিনা ভাড়ায় অনুষ্ঠানের জন্য পত্র দিতে হবে। | কৃষি মন্ত্রণালয় |

চলমান পাতা/২

| | | | |
|---|---|---|---|
| ৫.১.৩ | **বিষয়: মেলার প্রতিপাদ্য নির্ধারণ**<br>সভায় অবহিত করা হয় যে, জাতীয় সবজি মেলা/২০১৭ এর প্রতিপাদ্য ছিল-<br>**'সুস্থ সবল স্বাস্থ্য চান, বেশি করে সবজি খান'**<br>এ বছর সভায় ১৪টি প্রতিপাদ্য এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) কর্তৃক প্রস্তাবিত ১টি সহ মোট ১৫টি প্রতিপাদ্য সভায় উপস্থাপন করা হয়। আলোচনা শেষে ৫টি প্রতিপাদ্যের একটি সংক্ষিপ্ত তালিকা করা হয়। | ৫টি প্রতিপাদ্যের সংক্ষিপ্ত তালিকা (সংযুক্তি-১) থেকে ১টি প্রতিপাদ্য চূড়ান্ত করতে হবে। | কৃষি মন্ত্রণালয় |
| ৫.১.৪ | **বিষয়: মেলা উপলক্ষ্যে র‍্যালী, জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ, সেমিনার, মিডিয়াতে আলোচনা অনুষ্ঠান**<br>জাতীয় সবজি মেলা/২০১৭ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালী, জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ (৩টি বাংলা দৈনিকে এবং ১টি ইংরেজী দৈনিকে), সেমিনারের আয়োজন, মিডিয়াতে আলোচনা অনুষ্ঠান হয়। | জাতীয় সবজি মেলা/২০১৭-এর ন্যায় এ বছরও একটি বর্ণাঢ্য র‍্যালী, জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ (৩টি বাংলা দৈনিকে এবং ১টি ইংরেজী দৈনিকে), সেমিনারের আয়োজন, মিডিয়াতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি তথ্য সার্ভিস ও বারটান এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং অন্যান্য প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা। |
| ৫.১.৫ | **বিষয়: মেলার স্টলের সাইজ**<br>জাতীয় সবজি মেলা/২০১৭ এর স্টলগুলির সাইজ ৮ ফুট X ৮ ফুট এবং ফল মেলার বরাদ্দ নীতিমালা অনুসরণপূর্বক স্টলগুলির বরাদ্দ প্রদান করা হয়েছিল। গত বছরের বরাদ্দ নীতিমালার কিছুটা সংশোধন প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব করা হয়। এ বছর মোট স্টল সংখ্যার ১০% স্টল, বীজ ও চারাগাছ প্রদর্শনীর জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়। | স্টলের সাইজ গত বছরের ন্যায় হবে। তবে মোট স্টল সংখ্যার ১০% বীজ এবং চারাগাছ প্রদর্শনীর জন্য বরাদ্দ করতে হবে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ৫.১.৬ | **বিষয়: স্টলগুলিতে কি কি সবজি প্রদর্শন করা হবে**<br>জাতীয় সবজি মেলা/২০১৭ এর স্টলগুলিতে যথাসম্ভব সকল প্রকার সবজি প্রদর্শন করা হয়। | বিগত মেলার ন্যায় এ বছরও স্টলগুলিতে যথাসম্ভব সকল প্রকার সবজি প্রদর্শন করতে হবে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বারটান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ |
| ৫.১.৭ | **বিষয়: মেলার আশে পাশের এলাকা এবং স্টলগুলি সুসজ্জিত করা**<br>জাতীয় সবজি মেলা/২০১৭ এর স্টলগুলি এবং এর আশে পাশের এলাকা সুষম খাদ্য, সবজির পুষ্টিমান, উপকারিতা সার্বিক গুণগতমান উৎপাদনের পরিমাণ, রপ্তানির পরিমাণ ইত্যাদি তথ্য সম্বলিত ফেস্টুন ও ব্যানার দিয়ে সুসজ্জিত করা হয়। | গত জাতীয় সবজি মেলার ন্যায় এ বছরও স্টলগুলি এবং এর আশে পাশের এলাকা সুষম খাদ্য, সবজির পুষ্টিমান, উপকারিতা সার্বিক গুণগতমান উৎপাদনের পরিমাণ, রপ্তানির পরিমাণ ইত্যাদি তথ্য সম্বলিত ফেস্টুন ও ব্যানার দিয়ে সুসজ্জিত করতে হবে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি তথ্য সার্ভিস ও বারটান |
| ৫.১.৮ | **বিষয়: সবজি মেলা/২০১৮ এর বরাদ্দ সংক্রান্ত**<br>বিগত জাতীয় সবজি মেলা/২০১৭ এর বরাদ্দ ছিল ৬০ লক্ষ টাকা এবং ব্যয় হয় ৫৯ (উনষাট) লক্ষ ০৯ (নয়) হাজার ৭৫ (পঁচাত্তর) টাকা। এ বছর জাতীয় সবজি মেলা/২০১৮ এর জন্য সম্ভাব্য বরাদ্দ ৭০ লক্ষ টাকা মর্মে সভাকে অবহিত করা হয়। | অর্থ উপ কমিটি বিভিন্ন দপ্তর/ সংস্থার বরাদ্দ প্রস্তাব পরীক্ষাপূর্বক চূড়ান্ত করে উহা অনুমোদনের ব্যবস্থা করবে। | বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয় |

চলমান পাতা/৩

| | | | |
|---|---|---|---|
| ৫.১.৯ | **বিষয়: মেলা অনুষ্ঠানের জন্য বিভিন্ন কমিটি গঠন**<br>জাতীয় সবজি মেলা/২০১৭ অনুষ্ঠানের জন্য কার্যপরিধিসহ ০১টি জাতীয় কমিটি এবং ৭টি উপকমিটি গঠন করা হয়েছিল (সংযুক্তি-২)। গত মেলার ন্যায় এ বছরও ০১টি জাতীয় কমিটি এবং ৭টি উপকমিটি গঠনের সিদ্ধান্ত হয়। তবে শুধুমাত্র প্রচার ও প্রকাশনা উপ কমিটিতে আহবায়ক হিসেবে মহাপরিচালক(বীজ), কৃষি মন্ত্রণালয় এর পরিবর্তে অতিরিক্ত সচিব (নিরীক্ষা) কে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | গত মেলার ন্যায় এ বছরও ০১টি জাতীয় কমিটি এবং ৭টি উপকমিটি গঠন করতে হবে। তবে শুধুমাত্র প্রচার ও প্রকাশনা উপ কমিটিতে আহবায়ক হিসেবে মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় এর পরিবর্তে অতিরিক্ত সচিব (নিরীক্ষা) কে অন্তর্ভুক্ত করতে হবে। | কৃষি মন্ত্রণালয় |

৬.০ পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26-12-2017

**(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)**
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়।